

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৬৪ কোটি টাকার বাজেট পেশ

ডাকসু নির্বাচন এখন সময়ের দাবি: ভিসি

বিশ্ববিদ্যালয়ের রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগামী শিক্ষাবর্ষের জন্য ১২ কোটি টাকার বিশাল ঘাটতিসহ ১৬৪ কোটি টাকার বাজেট পেশ করা হয়েছে বুধবার বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে। বাজেট পেশ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ আব্দুল কালাম আজাদ। এ সময় ভিসি শিক্ষার্থীদের পরীক্ষার ফি বৃদ্ধির প্রস্তাব করেন।

অধিবেশনে উপাচার্য অধ্যাপক এসএমএ ফারুজ আহমদও শিক্ষকদের বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পঠদান এবং কম্পিউটার পক্ষে সাফাই গেয়ে বলেছেন, এর মাধ্যমে যদি পরিষ্কার দক্ষতা বাড়ে এবং জ্ঞান জগত সমৃদ্ধ হয় তবে অর্পণ নেই। বিকল্প সাজে ৩টায় বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াজ আলী চৌধুরী সিনেট ভবনে দুই দিনব্যাপী অধিবেশন উপাচার্য ও সিনেট সভাপতি অধ্যাপক ড. এসএমএ ফারুজের সভাপতিত্বে শুরু হয়। উপাচার্য তার ৩৩ পৃষ্ঠার বক্তব্যে একাদিকবার সংবাদ ও গণমাধ্যমের বিরুদ্ধে বিবেচনা করেন।

উপাচার্য বলেন, হাতীয়া নেতৃত্ব তৈরি ও বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক ধারা প্রতিষ্ঠা করতে ডাকসুর বিকল্প নেই। নানা কারণে গত ১৭ বছর এ নির্বাচন অনুষ্ঠান সত্ত্বয় হয়নি। এখন তা সময়ের দাবিতে পরিণত হয়েছে।

বাজেট

৫মতি অর্থবছরের বাজেটে ১৫২ কোটি টাকার আয়ের হিসাব দেখানো হয়েছে। এর মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে আসবে ১৩৫.৯০ কোটি টাকা, নিত্যক আয় ধরা হয়েছে ১৬.১০ কোটি টাকা।